অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আইন প্রয়োগকারী সংস্থায় ক্যারিয়ার গঠনে আগ্রহীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

আগামী বছরে DEC, স্টেট পার্কস, SUNY-তে আইন প্রয়োগকারী সংস্থার আনুমানিক 400 এন্ট্রি-লেভেল পদ তৈরি হবে বলে প্রত্যাশা করা হচ্ছে

আবেদনকারীরা পরীক্ষায় অংশ নেওয়ার জন্য 3 আগস্ট পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন

জন নিরাপত্তা বজায় রাখা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মধ্যে বৈচিত্র্য উন্নত করার ব্যাপারে গভর্নরের অঙ্গীকারাবদ্ধতার পরে এই ঘোষণা দেওয়া হলো

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল সিভিল সার্ভিস পদের জন্য পরীক্ষায় অংশ নেওয়ার জন্য আবেদন করার সুযোগ এখন উন্মুক্ত করা হয়েছে। পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), পার্ক, চিত্তবিনোদন, এবং ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিস (Office of State Parks, Recreation, and Historic Preservation) এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কে (State University of New York) ফাঁকা পদ পূরণের জন্য আয়োজিত এই পরীক্ষা এই শরতে অনুষ্ঠিত হবে। উপযুক্ত প্রার্থীরা পরীক্ষায় অংশ নেওয়ার জন্য বুধবার, 3 আগস্ট 2022 তারিখ 11:59 EST পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।

"আজ আমরা নিউ ইয়র্কবাসীদেরকে পরবর্তী প্রজন্মের সিভিল সার্ভেন্টের সঙ্গে যোগ দেওয়ার এবং তাদের কমিউনিটিগুলোতে একটি ইতিবাচক প্রভাব রাখার সুযোগ দিচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই পরীক্ষা আমাদের স্টেটের পার্ক, বিশ্ববিদ্যালয়, এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখা এবং সর্বোপরি নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য গুরুত্বপূর্ণ পদগুলো পূরণ করতে সাহায্য করবে। জন নিরাপত্তা বজায় রাখা এবং আমাদের সদস্যদের মধ্যে বৈচিত্র্য নিয়ে আসার ব্যাপারে আমার প্রশাসনের চলমান অঙ্গীকারাবদ্ধতার অংশ হিসেবে, আমরা সব পটভূমি থেকে আসা নিউ ইয়র্কবাসীদের পাবলিক সার্ভিস খাতে একটি অর্থপূর্ণ ও ফলপ্রসূ ক্যারিয়ারের কথা বিবেচনা করতে এবং আবেদন করতে উৎসাহিত করছি।"

স্টেট সরকারের মধ্যবর্তী আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদের জন্য বিবেচিত হতে আগ্রহী ব্যক্তিদেরকে প্রথমে আগ্রহী পদ বা পদগুলোর জন্য আবশ্যক ন্যূনতম যোগ্যতার শর্ত পূরণ করতে হবে এবং 3 আগস্ট তারিখের মধ্যে এখানে আবশ্যক সব তথ্য জমা দিয়ে সিভিল সার্ভিস পরীক্ষার জন্য নিবন্ধন করতে হবে। মাল্টিপল-চয়েস ধরনের এই পরীক্ষাটি আগামী শরতে অনুষ্ঠিত হবে। নিউ ইয়র্ক স্টেটের আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদে নিয়োগের পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্য সব প্রার্থী লিখিত পরীক্ষার তারিখের আনুমানিক দুই সপ্তাহ আগে ডাকযোগে একটি ভর্তি বিজ্ঞপ্তি পাবেন। এই ভর্তি বিজ্ঞপ্তি প্রার্থীকে কখন ও কোথায় উপস্থিত হতে হবে সেই সময়সূচির পাশাপাশি অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদান করবে। এছাড়াও পরীক্ষার আগে প্রার্থীরা একটি ইমেইল রিমাইন্ডার পাবেন, যেটিতে সরাসরি উপস্থিত হয়ে সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোভিড-19 সম্পর্কিত সাম্প্রতিক শর্তসমূহের তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদের পরীক্ষাটি প্রত্যেক সংস্থার নিম্নলিখিত পদগুলো পূরণ করার জন্য গ্রহণ করা হবে:

- DEC - এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার ট্রেইনি 1 এবং ফরেস্ট রেঞ্জার 1
- পার্কস - পার্ক পুলিশ অফিসার ট্রেইনি
- SUNY - ইউনিভার্সিটি পুলিশ অফিসার 1

DCS অনুমান করছে যে আগামী বছরে স্টেট জুড়ে আইন প্রয়োগকারী সংস্থার আনুমানিক 400 এন্ট্রি-লেভেল পদ পূরণ করা হবে।

এছাড়াও এই পরীক্ষা মিউনিসিপ্যাল পুলিশ বিভাগ ও শেরিফের অফিসগুলোতে শূন্য পদ পূরণের জন্য স্থানীয় পরীক্ষা হিসেবে ব্যবহৃত হবে। মিউনিসিপ্যাল পুলিশ বিভাগ এবং শেরিফের অফিসগুলোর জন্য স্থানীয় পরীক্ষায় অংশ নিতে আগ্রহী প্রার্থীদের সরাসরি স্থানীয় সিভিল সার্ভিস সংস্থার মাধ্যমে আবেদন করা উচিত। যেসব স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এন্ট্রি-লেভেল পদের জন্য পরীক্ষার আয়োজন করছে সেগুলোর তালিকা এখানে পাওয়া যাবে।

ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসের (Department of Civil Service) কমিশনার টিমোথি হগস বলেন, "ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদের পরীক্ষা আয়োজন করতে পেরে আনন্দিত, যা নিউ ইয়র্ক স্টেটের কর্মীদলে প্রবেশ করার জন্য নিজের পুলিশ ক্যারিয়ার শুরু করতে আগ্রহী যেকোনো ব্যক্তির জন্য একটি অসাধারণ সুযোগ। এই পরীক্ষা একটি উদ্দীপনাপূর্ণ ক্যারিয়ার পথের প্রবেশপথ, হোক সেটা নিউ ইয়র্ক স্টেটের নান্দনিক পার্কগুলোতে টহল দেওয়া, নিউ ইয়র্কের জলপথগুলোতে বোটিং করা, অথবা আমাদের কলেজ ক্যাম্পাসগুলোকে সুরক্ষিত রাখা। আমাদের পুলিশ বাহিনীর ভবিষ্যত সদস্যদের ব্যাপকভাবে বাছাই করার জন্য এবং বিচিত্র ও মেধাবী প্রার্থীদের আকৃষ্ট করার জন্য আমাদের অংশীদার সংস্থাগুলোর সঙ্গে কাজ করতে পেরে ডিপার্টমেন্ট আনন্দিত। নিউ ইয়র্ক স্টেটের জন্য কাজ করা শুধু জনসাধারণের বৃহত্তর অংশকে সেবা প্রদান ও সুরক্ষিত রাখার সুযোগই প্রদান করে না, বরং নিবেদিত জনগণের সেবকদের সঙ্গে কাজ করার সুযোগের পাশাপাশি চমৎকার স্বাস্থ্য সুবিধা ও কমপেনসেশন প্যাকেজ পাওয়ার সুযোগও প্রদান করে।

আমি আগ্রহীদের সবাইকে আজই এই আসন্ন পরীক্ষার জন্য আবেদন করতে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ভালোবাসা জাগবে এমন ক্যারিয়ার বেছে নেওয়ার সুযোগ করে দেওয়ার মিশন হাতে নিয়েছেন, যার মধ্যে DEC, স্টেট পার্কস, ও SUNY-এর এই কর্মসংস্থানের সুযোগগুলোও অন্তর্ভুক্ত রয়েছে। সিভিল সার্ভিস পরীক্ষা অসাধারণ ক্যারিয়ার গঠনের সুযোগের দ্বার উন্মোচন করতে পারে। আমি নিউ ইয়র্কবাসীদেরকে এই সুযোগগুলো অথবা নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিস সিস্টেমের হাজারো ক্যারিয়ারের সুযোগ সম্পর্কে জানতে উৎসাহিত করছি।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "DEC স্টেটব্যাপী কমিউনিটিগুলোতে প্রচারণা বৃদ্ধি করা এবং চলমান দুইটি একাডেমি সহ আরো একাডেমি আয়োজন করার মধ্য দিয়ে নিউ ইয়র্কের এনভায়রনমেন্ট কনজার্ভেশন পুলিশ অফিসার ও ফরেস্ট রেঞ্জারদের সংখ্যা বৃদ্ধি করতে কাজ করছে। এটি সব পটভূমির লোকজনের জন্য নিউ ইয়র্কের পরিবেশ ও জন নিরাপত্তার সুরক্ষায় সামনের সারিতে অবস্থান করে সেবা প্রদানের মাধ্যমে তাদের ক্যারিয়ারের যাত্রা শুরু করার জন্য চমৎকার একটি সুযোগ। আমাদের রেঞ্জার ও অফিসাররা যাতে নিউ ইয়র্কবাসীদের প্রতিনিধিত্ব করেন সে বিষয়টি নিশ্চিত করতে আমাদের নিয়োগ প্রক্রিয়ায় বৈচিত্র্য, সমতা, ও অন্তর্ভুক্তি বৃদ্ধি করতে DEC দৃঢ় প্রতিজ্ঞ।"

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "নিউ ইয়র্ক স্টেট পার্কের পুলিশ অফিসাররা আমাদের স্টেটের প্রাকৃতিক ও ঐতিহাসিক সম্পদকে সুরক্ষিত রাখে এবং নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলোতে ঘুরতে যাওয়া কয়েক মিলিয়ন মানুষ যাতে একটি নিরাপদ ও উপভোগ্য সময় কাটাতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করে। আইন প্রয়োগকারী সংস্থায় একটি অনন্য ও ফলপ্রসূ ক্যারিয়ার গঠনে আগ্রহী সবাইকে আমি স্টেট পার্কের পুলিশ অফিসার হওয়ার জন্য আবেদন করতে সময় বের করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন, "আইন প্রয়োগকারী সংস্থার ইউনিটগুলোতে তারা যেসব কমিউনিটিতে সেবা প্রদান করছেন সেগুলোর বৈচিত্র্য প্রতিফলিত হওয়া উচিত, এবং SUNY-তে আমরা সব পটভূমির লোকজনকে এই গুরুত্বপূর্ণ পদগুলোর জন্য আবেদন করতে উৎসাহিত করছি। SUNY আমাদের ইতিহাসে পুলিশ কমিশনার হিসেবে প্রথম মহিলা নিয়োগ দিতে পেরে গর্বিত, যা এই খাতকে আরো বেশি বৈচিত্র্যময় করে তোলা এবং অগণিত কণ্ঠের প্রতিনিধিত্ব করার পথে একটি যুগান্তকারী পদক্ষেপ। আমরা আগ্রহী সব ব্যক্তিকে সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করতে উৎসাহিত করছি এবং আমরা আইন প্রয়োগকারী সংস্থার পরবর্তী প্রজন্মের অফিসারদের স্বাগত জানানোর প্রত্যাশা রাখি যারা আমাদের শিক্ষার্থীদের এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখবেন ও সেবা প্রদান করবেন।"

মে মাসে গভর্নর হোকল পুলিশ অফিসারদের মধ্যে আরো বেশি সংখ্যক মহিলা সদস্য যোগ করার মাধ্যমে বিভাগগুলোর বৈচিত্র্য বৃদ্ধির জন্য জাতীয় "30x30 অঙ্গীকার"-এর প্রতি DEC ও

পার্কস-এর অঙ্গীকারাবদ্ধতার কথা ঘোষণা করেছিলেন। নিউ ইয়র্ক স্টেট পুলিশ কর্তৃক মহিলা স্টেট ট্রুপারদের সংখ্যা বৃদ্ধি করার ব্যাপারে আগের একটি অঙ্গীকারের পরে এটি ঘটেছে। 30x30 উদ্যোগের চূড়ান্ত লক্ষ্য হলো 2030 সালের মধ্যে পুলিশ রিক্রুট ক্লাসে নারীর সংখ্যা 30 শতাংশে পৌঁছানো, এবং এটি নিশ্চিত করা যে পুলিসিং এজেন্সিগুলি যাতে তারা যেই এখতিয়ারে সেবাদান করে, এজেন্সি যেন তার সত্যিকারের প্রতিনিধি হয়। মহিলা, ভেটেরান, এবং ঐতিহাসিক কাল থেকে যথাযথ প্রতিনিধিত্ব থেকে বঞ্চিত কমিউনিটিগুলোতে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের এই পরীক্ষার জন্য আবেদন করতে জোরালোভাবে সনির্বন্ধ অনুরোধ করা হচ্ছে, যা দুর্দান্ত সব পাবলিক সার্ভিস ক্যারিয়ারের দিকে নিয়ে যেতে পারে।

আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদের পরীক্ষা শুরু হওয়ার অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট একটি স্টেটব্যাপী সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন চালু করেছে, যার মধ্যে এই পরীক্ষার জন্য আবেদন করতে প্রার্থীদের আকৃষ্ট করার জন্য সাহায্য করতে DCS-এর তরফ থেকে ভিডিও, ওয়েব কন্টেন্ট, ও নতুন তথ্যমূলক ওয়েবিনার অন্তর্ভুক্ত থাকবে।

ক্যাম্পেইনের কন্টেন্ট এবং বাড়তি তথ্যের পাশাপাশি আবেদনকারীদের পরীক্ষার জন্য প্রস্তুত করে তুলতে একটি টেস্ট গাইড পাওয়া যাবে www.cs.ny.gov/police ঠিকানায়।

নিউ ইয়র্ক স্টেটের জন্য কাজ করা এবং পাবলিক সার্ভিসে একটি ফলপ্রসূ ক্যারিয়ার গঠনের ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ কিভাবে গ্রহণ করা যায় সে সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসের ওয়েবসাইট ভিজিট করুন এবং ডিপার্টমেন্টকে অনুসরণ করুন ফেসবুকে (Facebook), টুইটারে (Twitter), ও লিংকডইনে (LinkedIn)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418